**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যে সর্বত্র নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস উদযাপন করা হয় ।**

**(২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, আজ নতুন দিল্লীতে দিব্যাঙ্গ জনদের ক্ষমতায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য জাতীয় পুরস্কার প্রদান করেছেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, নতুন তিনটি ফৌজদারি আইনের মাধ্যমে দেশে সুষ্ঠু ন্যায় বিচার প্রতিষ্ঠিত হবে এবং দরিদ্র জনসাধারণ-ও এর সুফল ভোগ করতে পারবেন ।**

**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ডুম্বুরের নারিকেল কুঞ্জে পর্যটন উৎসব প্রমো-ফেস্টের উদ্বোধন করেন ।**

*****************************************

**Sugamya Bharat Abhiyan-West :**

রাজ্যে সর্বত্র নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস উদযাপন করা হয়। এবছরের আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবসের ভাবনা হচ্ছে একটি অন্তর্ভুক্তিমূলক ও টেকসই ভবিষ্যতের জন্য দিব্যাঙ্গজন ব্যক্তিদের নেতৃত্বকে প্রসারিত করা।

উল্লেখ করা যেতে পারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৫ সালের তেসরা ডিসেম্বর প্রতিবন্ধী বা দিব্যঙ্গ ব্যক্তিদের যে কোনো স্থানে ও প্রতিষ্ঠানে চলাচলকে সুগম করে তোলার জন্য সুগম্য ভারত অভিযান ফ্ল্যাগশিপ

প্রকল্পটি চালু করেন। "সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস" দৃষ্টিভঙ্গির উপর ভিত্তি করে এই প্রকল্পটি চালু করেন প্রধানমন্ত্রী।

আজ রাজ্যে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস-২০২৪ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করা হয় আগরতলার ক্ষুদিরাম বসু ইংরেজি মাধ্যম বিদ্যালয়ে। উদ্বোধন করেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়। তিনি সেখানে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমসেরও আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে সমাজকল্যাণ মন্ত্রী শ্রী রায় বলেন, দিব্যাঙ্গজনদের কল্যাণে রাজ্যে দিব্যাঙ্গজনদের জন্য রাজ্য সরকারের বিভিন্ন নীতি প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। সারা দেশে দিব্যাঙ্গজনেরা যাতে বিশেষ সুবিধা ভোগ করতে পারেন সেই লক্ষ্যে কেন্দ্রীয় সরকার তাদের জন্য ইউনিক ডিসএবিলিটি আইডেন্টিটি কার্ড চালু করেছে। রাজ্যে প্রায় ৪০ হাজার জন দিব্যাঙ্গকে শিবিরের মাধ্যমে এই কার্ড দেওয়া হয়েছে। তিনি বলেন, বর্তমান রাজ্য সরকার দিব্যাঙ্গজনদের মাসিক ২০০০ টাকা করে ভাতা দিচ্ছে। ৮ জেলায় ৮টি জেলা প্রতিবন্ধী পুনর্বাসন কেন্দ্র চালু করা হয়েছে। দিব্যাঙ্গজন মেয়েদের বিবাহ করলে আগে ৫০০০ টাকা সহায়তা করা হতো। এখন সহায়তা করা হয় ৫০ হাজার টাকা।

অনুষ্ঠানে পৌরহিত্য করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার ও কর্পোরেটরগণ।

***************************

**Sugamya Bharat Abhiyan-President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, আজ নতুন দিল্লীতে দিব্যাঙ্গজনদের ক্ষমতায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য জাতীয় পুরস্কার প্রদান করেছেন। এই অনুষ্ঠানে রাষ্ট্রপতি মুর্মু বলেন, জাতীয় পুরস্কার বিজয়ীরা সমাজের কাছে দৃষ্টান্ত স্থাপন করেছেন। রাষ্ট্রপতি আরও বলেন, দেশের ভিন্নভাবে সক্ষম ব্যক্তিদের ক্ষেত্রে এই পুরস্কার নানাদিক থেকে উৎসাহ ও প্রেরণা যোগাবে।

অনুষ্ঠানে রাষ্ট্রপতি সকল পুরস্কার বিজয়ীদের অভিনন্দন জানান। তিনি বলেন, এই পুরস্কারগুলির সুদূরপ্রসারী সামাজিক তাৎপর্য রয়েছে। তাদের অনুকরণ করে, অন্যান্য ব্যক্তি এবং প্রতিষ্ঠানগুলি ভিন্ন ভাবে সক্ষম ব্যক্তিদের ক্ষমতায়নের দিকে এগিয়ে যেতে পারে।

এ বছরের আন্তর্জাতিক দিব্যাঙ্গজনদের দিবসের মূল ভাবনা 'অন্তর্ভুক্তিমূলক ও টেকসই ভবিষ্যতের জন্য ভিন্ন ভাবে সক্ষম ব্যক্তিদের নেতৃত্বের প্রসার'। এই ভাবনার উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, দিব্যাঙ্গজনদের মধ্যে দক্ষতা বিকাশ, কর্মসংস্থান প্রদান, তাদের পণ্য ক্রয় এবং বিপণন সুবিধা প্রদান করার উপর গুরুত্ব আরোপ করেন।

রাষ্ট্রপতি বলেন, সমগ্র মানবজাতিকে অবশ্যই দিব্যাঙ্গজনদের স্বাচ্ছন্দ্য ও সমতা বোধ করাতে হবে। তাদের সব দিক থেকে বাধামুক্ত পরিবেশ প্রদান করা সমাজের অগ্রাধিকার হওয়া উচিত। প্রকৃত অর্থে, একমাত্র সেই সমাজকেই সংবেদনশীল বলা যেতে পারে, যেখানে দিব্যাঙ্গজনরাও সমান সুযোগ-সুবিধা পান। রাষ্ট্রপতি বলেন,

############Byte##########

******************************

**Sugamya Bharat Abhiyan-Sepahijala :**

চড়িলাম লীলাদেবী স্মৃতি কমিউনিটি হলে সিপাহীজলা জেলাভিত্তিক আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবসের উদ্বোধন করে সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। তিনি বলেন, দিব্যাঙ্গজনরা সমাজের অবিচ্ছেদ্য অঙ্গ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সবকা সাথ, সবকা বিকাশের লক্ষ্য উল্লেখ করে তিনি সুগম্য ভারত অভিযানের গুরুত্ব নিয়ে আলোচনা করেন। এরপর দিব্যাঙ্গজনদের নিয়ে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জেলার অন্তর্গত মাধ্যমিক ও উচ্চধ্যমিকে সেরা ১০ জন দিব্যাঙ্গ ছাত্র-ছাত্রীকে সংবর্ধনা প্রদান করা হয়।

****************************

**Sugamya Bharat Abhiyan-South :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ বিলোনিয়ার বিকেআই স্কুল মাঠে দক্ষিণ জেলা ভিত্তিক আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস পালিত হয়। উদ্বোধন করেন দক্ষিণ জেলার জেলা শাসক স্মিতা মল এম এস। অনুষ্ঠানে বক্তারা দিব্যাঙ্গজনদের উন্নয়নে সুগম্য ভারত অভিযানের গুরুত্ব নিয়ে বিস্তারিত আলোচনা করেন। উপস্থিত ছিলেন দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ প্রমুখ। অনুষ্ঠানে দিব্যাঙ্গজনরা ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহন করেন। মোট ৩৪ জন প্রতিযোগীকে রাজ্যস্তরের প্রতিযোগিতায় নির্বাচিত করা হয়। অনুষ্ঠানে এবারের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাশ করা ১০ জন ছাত্র- ছাত্রীকে সংবর্ধনা দেওয়া হয়।

*************************

**Sugamya Bharat Abhiyan-khowai :**

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহযোগিতায় আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস এবং যুব উৎসব উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জেলার জেলাশাসক চান্দনী চন্দ্রন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি সুগম্য ভারত অভিযানের তাৎপর্য ব্যাখ্যা করে বলেন, সরকার দিব্যাঙ্গজনদের কল্যাণে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে কাজ করছে। অনুষ্ঠানে উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ৫ জন ও মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ৫ জন দিব্যাঙ্গ ছাত্রছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

****************************

**Sugamya Bharat Abhiyan-Dhalai :**

কুলাইস্থিত ধলাই জেলা দিব্যাঙ্গজন পুনর্বাসন কেন্দ্রে মূল অনুষ্ঠানটির উদ্বোধন করেন আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন প্রতিমা মালাকার। পৌরহিত্য করেন আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন হেমালি দেববর্মা। তিনি প্রতিবন্ধী বা দিব্যঙ্গ ব্যক্তিদের যে কোনো স্থানে ও প্রতিষ্ঠানে চলাচলকে সুগম করে তোলার জন্য সুগম্য ভারত অভিযান ফ্ল্যাগশিপ প্রকল্প সম্পর্কে বিস্তারিত বক্তব্য রাখেন। আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস উপলক্ষ্যে জেলার বিভিন্ন প্রান্ত থেকে আগত দিব্যাঙ্গজনদের নিয়ে অনুষ্ঠিত হয় ক্রীড়া প্রতিযোগিতা। তাছাড়া দিব্যাঙ্গজনদের নিয়ে আলোচনাচক্রে বক্তব্য রাখেন ডিস্ট্রিক্ট লিগ্যাল সার্ভিস অথরিটির আইনজীবিরা।

****************************

**Sugamya Bharat Abhiyan-Unakoti :**

আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস উদযাপন উপলক্ষে ঊনকোটি জেলাভিত্তিক অনুষ্ঠান আজ কৈলাশহরের দিব্যাঙ্গজন পুনর্বাসন কেন্দ্রে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। তিনি বলেন, দিব্যাঙ্গজনেরা সমাজের অবিচ্ছেদ্য অঙ্গ। তারাও মানুষ। দিব্যাঙ্গজনদের আইনগত অধিকার ও প্রচলিত আইন বিধিমালা সম্পর্কে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির উপর তিনি গুরুত্বারোপ করেন। প্রতিবন্ধী বা দিব্যঙ্গ ব্যক্তিদের যে কোনো স্থানে ও প্রতিষ্ঠানে চলাচলকে সুগম করে তোলার জন্য সুগম্য ভারত অভিযান ফ্ল্যাগশিপ প্রকল্পটি সম্পর্কেও বক্তারা বিস্তারিত উল্লেখ করেন। বক্তব্য রাখেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, C.M.O ডাঃ শীর্ষেন্দু চাকমা প্রমুখ। এই উপলক্ষ্যে দিব্যাঙ্গজনদের মধ্যে চলন ও সহায়ক সামগ্রী বিতরণ করা হয়।

****************************

**Sugamya Bharat Abhiyan-All Tripura Blind Commitee :**

অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির সেন্ট্রাল জোনের কার্যালয়ে আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস পালন করা হয়। উপস্থিত ছিলেন সভাপতি ব্রজহরী দেবনাথ, কমিটির সাধারণ সম্পাদক সহদেব সাহা, কোষাধ্যক্ষ টিটন রায় কর্মকার, আহ্বায়ক রামু দেবনাথ। তারা দিব্যাঙ্গজনদের কল্যাণে সুগম্য ভারত অভিযানের উপকারিতা সম্পর্কে উল্লেখ করেন।

**************************

**News Criminal Laws :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, আইনের চোখে সবাই সমান। নতুন তিনটি ফৌজদারি আইনের মাধ্যমে দেশে সুষ্ঠু ন্যায় বিচার প্রতিষ্ঠিত হবে এবং দরিদ্র জনসাধারণ-ও এর সুফল ভোগ করতে পারবেন। আজ চন্ডিগড়ে এক অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে তিনি বলেন, এই আইনগুলি সংবিধানে উল্লেখিত বিভিন্ন আদর্শের পূর্ণতা পাবার দিশায় সঠিক পদক্ষেপ। প্রধানমন্ত্রী বলেন,

##########Byte##########

অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, আগামী তিন বছরের মধ্যে এই আইনগুলি কার্যকরী হবে। এর আগে প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম বিষয়ে একটি প্রদর্শনী মন্ডপ ঘুরে দেখেন।

**************************

**Tourism Promo Fest :**

রাজ্য সরকারের উদ্যোগে আজ থেকে শুরু হয়েছে পর্যটন প্রমো-ফেস্ট। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বিকেলে

ডুম্বুরের নারিকেল কুঞ্জে এই পর্যটন উৎসবের উদ্বোধন করেন। তাছাড়া পর্যটন দপ্তরের উদ্যোগে দুইটি হোম-ষ্টে-এর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, এলাকার বিধায়ক নন্দিতা দেববর্মা রিয়াং, পর্যটন সচিব ইউ কে চাকমা, ধলাই জেলা শাসক সাজু ওয়াহিদ, পর্যটন অধিকর্তা প্রশান্ত বাদল নেগি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রইস্যাবাড়ি ব্লকের চেয়ারম্যান প্রদীপ কুমার রিয়াং।

****************************

**CM-High Commission :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলায় বাংলাদেশের সহকারী হাইকমিশনের গতকালের অনভিপ্রেত ঘটনার নিন্দা জানিয়েছেন। তিনি বলেছেন শান্তিপূর্ণ আন্দোলন বা প্রতিবাদ চলতেই পারে কিন্তু এই ধরনের আচরণ একেবারেই কাম্য নয়।

এদিকে, গতকালের এই ঘটনায় জড়িত ৭ জনকে পুলিশ ইতিমধ্যে গ্রেপ্তার করেছে। তাছাড়া কর্তব্যে গাফিলতির দায়ে ৩ জন পুলিশ সাব-ইন্সপেক্টরকে সাময়িক বরখাস্ত করা হয়েছে বলে জানিয়েছেন পশ্চিম জেলার পুলিশ সুপার কিরণ কুমার।

গতকাল রাত থেকে আগরতলাস্থিত বাংলাদেশ সহকারি হাইকমিশনে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। ডিআইজি রমেশ রেড্ডির তত্ত্বাবধানে সহকারী হাইকমিশনে পর্যাপ্ত টি এস আর, সি আর পি এফ এবং পুলিশ মোতায়েন করা হয়েছে।

এদিকে, আজ আগরতলায় বাংলাদেশের সহকারী হাইকমিশনের প্রথম সচিব মহম্মদ আল আমিন এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশনের অফিসে সমস্ত প্রকার ভিসা ও কনসুলার সেবা কার্যক্রম বন্ধ থাকবে।

****************************

**Workshop-Pragna Bhawan :**

ভারত সরকারের জল শক্তি মন্ত্রক ও রাজ্য সরকারের পূর্ত দপ্তরের যৌথ উদ্যোগে আজ থেকে প্রজ্ঞা ভবনে সেচ যোগ্য জমি ও জলাভূমি নিরূপনের উপর তিনদিনব্যাপী কর্মশালা শুরু হয়েছে। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় জল শক্তি মন্ত্রক ও উত্তর পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের জল সম্পদ দপ্তরের আধিকারিকগণ। কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, কত পরিমান জমিতে চাষ হচ্ছে, কত পরিমান জমি চাষযোগ্য রয়েছে, জলাশয় ও ঝর্ণা কতগুলি রয়েছে সেই ব্যাপারে সার্ভে করা হবে।

*****************************

**Workshop :**

তথ্য সংস্কৃতি দপ্তর এবং আগরতলা প্রেসক্লাবের যৌথ উদ্যোগে আয়োজিত চার দিনব্যাপী মিডিয়া কর্মশালা আজ শেষ হয়েছে। সাংবাদিক, চিত্র সাংবাদিক দের দক্ষতা উন্নয়নে আগরতলা প্রেসক্লাবে এই কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রিন্ট মিডিয়া, বৈদ্যুতিন মিডিয়া, ওয়েব মিডিয়া এবং চিত্র সাংবাদিকদের প্রশিক্ষণ দেওয়া হয়।

**************************

**Blood Donation :**

আগামী ৭ এবং ৮ই ডিসেম্বর সি পি আই(এম)-র দুদিনব্যাপী ২৪তম খোয়াই মহকুমা সম্মেলন অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে আজ দলের খোয়াই মহকুমার কার্যালয়ে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে কুড়িজন স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন সি পি আই(এম)-র খোয়াই মহকুমা কমিটির সম্পাদক পদ্ম কুমার দেববর্মা, রাজ্য কমিটির সদস্য বিধায়ক নির্মল বিশ্বাস, জেলা সম্পাদকমণ্ডলীর সদস্য আলয় রায় ও পলাশ ভৌমিক।

****************************

**Khudiram Basu Birth Anniversary :**

ভারতের স্বাধীনতা সংগ্রামের বীর বিপ্লবী শহীদ ক্ষুদিরাম বসুর আজ ১৩৬তম জন্ম দিবস। এই উপলক্ষ্যে আজ সকালে শহীদ ক্ষুদিরাম বসু স্মৃতি রক্ষা কমিটির উদ্যোগে আগরতলার উজ্জ্বয়ন্ত প্রাসাদ সংলগ্ন ক্ষুদিরাম বসুর মর্মর মূর্তির পাদদেশ এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়। কমিটির সদস্য-সদস্যারা পুষ্পাঘ্য অর্পণ করে তাঁকে শ্রদ্ধা নিবেদন করেন ও তাঁর জীবন ও সংগ্রাম নিয়ে আলোচনা করেন।

******************************

**Weather :**

আগামীকালের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ পরিস্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ দশমিক সাত ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন সতের দশমিক সাত ডিগ্রী সেলসিয়াস।

***************************